# Kindical™

Calcium (derived from coral source) USP
& Vitamin $D_3$ USP Tablet

## Composition

**Kindical™-D Tablet:** Each film coated tablet contains Calcium Carbonate (derived from coral source) USP 1250 mg equivalent to elemental Calcium 500 mg and Vitamin $D_3$ 200 IU as Cholecalciferol USP.

**Kindical™-DX Tablet:** Each film coated tablet contains Calcium Carbonate (derived from coral source) USP 1500 mg equivalent to elemental Calcium 600 mg and Vitamin $D_3$ 400 IU as Cholecalciferol USP.

## Pharmacology

**Kindical™-D** & **Kindical™-DX** provides Calcium and Vitamin $D_3$ where Calcium Carbonate is sourced from Coral origin. The Calcium Carbonate from Coral has a chemical structure that is very similar to the composition of human bone. Calcium Carbonate from Coral Calcium is similar to other sources but ensures better absorption than calcium of other calcium carbonate origin. Vitamin $D_3$ aids in the absorption of calcium from GI tract and helps to maintain calcium balance in the body. **Kindical™-D** & **Kindical™-DX** also has special role on bone growth, osteoporosis and bone related complications.

## Indication

**Kindical™-D** & **Kindical™-DX** are indicated for the treatment & prevention of osteoporosis, osteomalacia, tetany, hypoparathyroidism, disorders of osteogenesis. Also used as supplement in case of inadequate intake of Calcium in childhood diet, rickets, pregnancy and lactation, elderly patients. Other indications include pancreatitis, phosphate binder in chronic renal failure etc.

## Dose & Administration

One tablet once or twice daily with plenty of water or as directed by the physician. Taking in full stomach ensures better absorption **or as directed by the physician**.

## Contraindication

Hypersensitivity to any of the components, hypocalcaemia resulting from overdose of Vitamin $D_3$, hyperparathyroidism, bone metastasis, severe renal insufficiency, severe hypercalciuria, renal calculi etc.

## Warning & Precaution

In presence of mild hypercalciuria, careful monitoring with reduction of dose may be needed. Plasma and serum Calcium level should be monitored in mild to moderate renal impairment and also in case of long term use. Patients with renal stone or with such previous history should also take precaution.

## Side effects

Flatulence, diarrhoea, constipation, upper GI discomfort etc. are rare manifestation. Hyper-calcaemia due to prolonged use has rarely been reported.

## Use in Pregnancy and Lactation

**Kindical™-D** & **Kindical™-DX** can be given to pregnant and lactating mothers as per recommendation of physician.

## Use in Children & Adolescents

The safety and efficacy in children and adolescents have not been established. No data are available in children.

## Drug Interaction

Oral calcium can reduce the absorption of tetracycline & fluoride preparations and minimum 3 hours time should be allowed between ingestion of these medications. Thiazide diuretics reduces the renal excretion of calcium. Phenytoin, barbiturates, glucocorticoids may induce metabolism of Vitamin $D_3$. Concomitant ingestion of certain foods like spinach, cereals, milk and its derivatives may reduce the intestinal uptake of calcium.

## Overdosage

At high dose, it may result in nausea, vomiting, dizziness, anorexia, abdominal cramps, headache, constipation, irritability etc. Treatment includes cessation of therapy and adequate rehydration.

## Storage

Store below 30°C, protected from light & in a dry place. Keep all medicines out of the reach of children.

## Packing

**Kindical™-D Tablet:** Each box contains 5X10 tablets in Alu-PVDC blister pack and an insert.

**Kindical™-DX Tablet:** Each box contains 3X10 tablets in Alu-PVDC blister pack and an insert.

Manufactured by:
**Navana Pharmaceuticals Ltd.**
Rupshi, Rupganj, Narayanganj, Bangladesh

NAVANA PHARMA
JAHURUL ISLAM COMPANY

NCLT0659_04-21_04

# কিন্ডিক্যাল™

ক্যালসিয়াম (কোরাল থেকে উৎপাদিত) ইউএসপি
এবং ভিটামিন ডি৩ ইউএসপি ট্যাবলেট

## উপাদান

**কিন্ডিক্যাল™-ডি ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে ক্যালসিয়াম কার্বোনেট (কোরাল থেকে উৎপাদিত) ইউএসপি ১২৫০ মি.গ্রা. যা ৫০০ মি.গ্রা. মৌলিক ক্যালসিয়ামের সমতুল্য এবং ভিটামিন ডি৩ ২০০ আইইউ কলিক্যালসিফেরল ইউএসপি হিসেবে।

**কিন্ডিক্যাল™-ডিএক্স ট্যাবলেট:** প্রতিটি ফিল্ম কোটেড ট্যাবলেটে রয়েছে ক্যালসিয়াম কার্বোনেট (কোরাল থেকে উৎপাদিত) ইউএসপি ১৫০০ মি.গ্রা. যা ৬০০ মি.গ্রা. মৌলিক ক্যালসিয়ামের সমতুল্য এবং ভিটামিন ডি৩ ৪০০ আইইউ কলিক্যালসিফেরল ইউএসপি হিসেবে।

## ফার্মাকোলজী

**কিন্ডিক্যাল™-ডি** এবং **কিন্ডিক্যাল™-ডিএক্স** প্রদান করে ক্যালসিয়াম এবং ভিটামিন ডি৩ যেখানে ক্যালসিয়াম কার্বোনেট কোরাল উৎস থেকে সংগ্রহ করা হয়। কোরাল থেকে সংগৃহীত ক্যালসিয়াম কার্বোনেট এর রাসায়নিক গঠন মানুষের হাড়ের উপাদানের সঙ্গে অধিকতর সাদৃশ্যপূর্ণ। কোরাল ক্যালসিয়াম এর ক্যালসিয়াম কার্বোনেট অন্যান্য উৎসের সঙ্গে সাদৃশ্যপূর্ণ কিন্তু এর ক্যালসিয়ামের পরিশোষন অধিকতর বেশী। ভিটামিন ডি৩ পরিপাকতন্ত্রে ক্যালসিয়াম এর শোষণে ব্যাপক সহায়তা করে এবং শরীরে ক্যালসিয়াম এর ভারসাম্য রক্ষা করে। এছাড়াও হাড়ের বৃদ্ধিতে, অষ্টিওপোরোসিস এবং এই সংক্রান্ত জটিলতায় **কিন্ডিক্যাল™-ডি** এবং **কিন্ডিক্যাল™-ডিএক্স** এর বিশেষ ভূমিকা রয়েছে।

## নির্দেশনা

**কিন্ডিক্যাল™-ডি** এবং **কিন্ডিক্যাল™-ডিএক্স** অষ্টিওপোরোসিস এর প্রতিরোধ ও চিকিৎসায়, অষ্টিওম্যালাসিয়া, টিটানি, হাইপো-প্যারাথাইরয়েডিজম, অষ্টিওজেনেসিস এ দেয়া হয়। এছাড়া খাদ্যে ক্যালসিয়াম এর ঘাটতি পূরণে শিশু-কিশোরদের দ্রুত বৃদ্ধির সময়, রিকেটস গর্ভাবস্থা ও স্তন্যদানে এবং বয়স্ক রোগীদের **কিন্ডিক্যাল™-ডি** এবং **কিন্ডিক্যাল™-ডিএক্স** দেওয়া হয়। অন্যান্য নির্দেশনার মধ্যে রয়েছে প্যানক্রিয়াটাইটিস, তীব্র কিডনী অক্ষমতায় ফসফেট বাইন্ডার হিসেবে।

## মাত্রা ও সেবনবিধি

একটি ট্যাবলেট দিনে ১-২ বার প্রচুর পরিমাণ পানির সাথে বা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য। ভরা পেটে খেলে শোষণ ভাল হয় **অথবা চিকিৎসকের পরামর্শ অনুযায়ী সেব্য**।

## প্রতিনির্দেশনা

ওষুধটিতে অতিসংবেদনশীলতা, ভিটামিন ডি৩ এর মাত্রাধিক্যের কারণে হাইপোক্যালসেমিয়া, হাইপার-প্যারাথারয়েডিজম, বোন-মেটাস্টেসিস, বৃক্কের গুরুতর অক্ষমতা, গুরুতর হাইপারক্যালসিউরিয়া, রেনাল ক্যালকুলি ইত্যাদি।

## সাবধানতা ও সতর্কতা

মৃদু হাইপারক্যালসিউরিয়ায় নিঃসরণ মাত্রা সতর্কভাবে পর্যবেক্ষণ করতে হবে। মৃদু থেকে মাঝারি মূত্র হ্রাস ও দীর্ঘদিন ব্যবহারে প্লাজমা এবং সিরাম এ ক্যালসিয়াম এর মাত্রা পরিমাপ করতে হবে। যেসকল রোগীর ক্ষেত্রে কিডনীর পাথর সৃষ্টির ইতিহাস রয়েছে সেসব ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করতে হবে।

## পার্শ্বপ্রতিক্রিয়া

বিরলক্ষেত্রে পেট ফাঁপা, বুকজ্বালা, ডায়রিয়া বা কোষ্ঠকাঠিন্য হতে পারে। দীর্ঘদিন ব্যবহারের ফলে হাইপারক্যালসেমিয়া হতে পারে।

## গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালে ব্যবহার

গর্ভাবস্থায় এবং স্তন্যদানকালীন সময়ে মায়েরা চিকিৎসকের পরামর্শে **কিন্ডিক্যাল™-ডি** এবং **কিন্ডিক্যাল™-ডিএক্স** গ্রহণ করতে পারবে।

## শিশু এবং বয়ঃসন্ধিকালীন ব্যবহার

শিশু এবং বয়ঃসন্ধিকালীন ব্যবহারে নিরাপদ ও কার্যকারিতা প্রতিষ্ঠিত নয়। শিশুদের ব্যবহারের ক্ষেত্রে পর্যাপ্ত কোন তথ্য পাওয়া যায়নি।

## অন্যান্য ওষুধের সাথে ক্রিয়া

সেব্য ক্যালসিয়াম, টেট্রাসাইক্লিন ও ফ্লোরাইড জাতীয় ওষুধের শোষন হ্রাস করতে পারে, তাই এসকল সেবনের মধ্যবর্তী বিরতি কমপক্ষে তিন ঘন্টা হওয়া বাঞ্ছনীয়। থায়াজাইড ডাইইউরেটিক ক্যালসিয়াম এর নিঃসরণ ক্ষমতা হ্রাস করে। ফেনাইটোইন, বারবিচুরেট, গ্লুকোকরটিকয়েড ভিটামিন ডি৩ এর বিভাজন ঘটাতে পারে। কিছু সংখ্যক খাদ্য যেমন শাক, যব, অন্যান্য শস্যজাত খাদ্য, দুধ ও দুগ্ধজাত খাদ্য ক্যালসিয়ামের আন্ত্রিক অধিগ্রহণ হ্রাস করে।

## অতিমাত্রা

অতিরিক্ত মাত্রায় সেবনে বমি বমি ভাব, বমি, ঝিমুনি, ক্ষুধামন্দা, পেট কামড়ানো, মাথা ব্যথা, কোষ্ঠকাঠিন্য বা অস্বস্থিভাব হতে পারে। চিকিৎসা হিসেবে সেবন বন্ধ এবং অতিমাত্রায় তরল গ্রহণ করতে হবে।

## সংরক্ষণ

৩০°সে. তাপমাত্রার নিচে, আলো থেকে দূরে ও শুষ্ক স্থানে রাখুন। সকল ওষুধ শিশুদের নাগালের বাইরে রাখুন।

## মোড়ক

**কিন্ডিক্যাল™-ডি ট্যাবলেটঃ** প্রতিটি বাক্সে রয়েছে ৫ X ১০ টি ট্যাবলেট অ্যালু-পিভিডিসি ব্লিস্টার প্যাকে এবং একটি নির্দেশিকা।

**কিন্ডিক্যাল™-ডিএক্স ট্যাবলেটঃ** প্রতিটি বাক্সে রয়েছে ৩ X ১০ টি ট্যাবলেট অ্যালু-পিভিডিসি ব্লিস্টার প্যাকে এবং একটি নির্দেশিকা।

প্রস্তুতকারক:
**নাভানা ফার্মাসিউটিক্যালস্ লিঃ**
রূপসী, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ।

নাভানা ফার্মা
জহুরুল ইসলাম কোম্পানী